



স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৩.১৯.৪০৭(খন্ড-১).২০-৯০৭

তারিখ: ২২/১০/২০২০খ্রি.

বিষয়ঃ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন হিসাবরক্ষণ কার্যালয়সমূহ হতে প্রতিরক্ষা বিভাগের পেনশনারের পেনশন ইএফটি না করা প্রসঙ্গে।


সূত্রঃ ১। স্মারক নং- সিএএফও/পিএফএম/সিজিএ যোগাযোগ/৪৩/৩৫১, তারিখ: ১২/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের ডিজিটালিজেশন প্রক্রিয়ার অংশ হিসেবে বেসামরিক (প্রতিরক্ষা ও রেলওয়ে ব্যতীত) পেনশনারদের ব্যাংক হিসাবে ইএফটি'র মাধ্যমে সকল ব্যাংকসমূহকে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে বেসামরিক (প্রতিরক্ষা ও রেলওয়ে ব্যতীত) পেনশনারদের ব্যাংক হিসাবে ইএফটি'র মাধ্যমে অর্থ প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।

পেনশনারদের তথ্য পর্যালোচনা কালে কোনো কোনো ক্ষেত্রে পরিলক্ষিত হচ্ছে যে, প্রতিরক্ষা বিভাগের পেনশনারদের ইএফটি হিসাবরক্ষণ অফিসসমূহ হতে প্রদান করা হচ্ছে। ট্রেজারী বুলস এর এস আর ১৯৫ (ই) অনুযায়ী “প্রতিরক্ষা বিভাগের পেনশন ভোগীগণের প্রাপ্য পেনশন সংশ্লিষ্ট অর্থ নিয়ন্ত্রক, প্রতিরক্ষা অর্থ কর্তৃক মনোনীত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে পরিশোধ” করার নির্দেশনা রয়েছে এবং এস আর ১৯৫ (ঈ) অনুযায়ী “রেলপথ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত কোন সাধারণ ও বিশেষ আদেশ সাপেক্ষ বাংলাদেশ রেলপথের কর্মকর্তা ও কর্মচারীদের প্রাপ্য পেনশন বাংলাদেশের যেকোনো মনোনীত রেলস্টেশন হইতে উত্তোলন করিতে হইবে” মর্মে নির্দেশনা রয়েছে। হিসাবরক্ষণ অফিসসমূহ হতে প্রতিরক্ষা/বাংলাদেশ রেলপথ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ইএফটি করার জন্য আইবাস++ সিস্টেমে অন্তর্ভুক্ত হলে বেসামরিক/প্রতিরক্ষা/বাংলাদেশ রেলপথ বিভাগের পেনশনারদের সঠিক সংখ্যা, প্রাপ্যতা নির্ধারণ, পুনর্ভরণ এবং হিসাবরক্ষণসহ অন্যান্য জটিলতা তৈরি হবে। জটিলতা নিরসনের জন্য সকল হিসাবরক্ষণ অফিসসমূহকে নিম্নোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) প্রতিরক্ষা বিভাগের কর্মকর্তা কর্মচারীদের (সামরিক ও বেসামরিক উভয়ই) হিসাবরক্ষণ অফিসসমূহ হতে ইএফটি না করে ডি-হাফসমূহ প্রতিরক্ষা বিভাগের পিপিও/ডি-হাফ ইস্যুকারী সংশ্লিষ্ট অফিসে প্রেরণ করতে হবে এবং উক্ত পত্রের কপি হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়কে অনুলিপি প্রদান করতে হবে।

(খ) ইতোমধ্যে প্রতিরক্ষা/রেল বিভাগের কোন কর্মকর্তা কর্মচারী হিসাবরক্ষণ অফিসসমূহ হতে আইবাস++ সিস্টেমে অন্তর্ভুক্ত হয়ে থাকলে তা দ্রুত চিহ্নিত করে সংশ্লিষ্ট ডি-হাফ/পিপিও ইস্যুকারী কর্তৃপক্ষকে জানাতে হবে এবং পেনশনারের তথ্য আইবাস++ সিস্টেম হতে সংশ্লিষ্ট অফিসে প্রেরণের জন্য উক্ত পত্রের অনুলিপি হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়কে পৃথকভাবে জানাতে হবে।


(মো: মামুন-উল-মান্নান) ২২/১০/২০২০

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোন: ৯৩৬০৮৫৯
Email: addlcgaacc@cga.gov.bd

বিতরণঃ

- চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
- ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)
- জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
- উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৩.১৯.৪০৭(খন্ড-১).২০-৯০৭

তারিখ: ২২/১০/২০২০খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি)]
- কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), রেল ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
- অফিস কপি/গার্ড ফাইল।

(মো: মিরাজ আলী)
উপহিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-২)
ফোন: ৯৩৪৯৮৪৪
Email: dcgaacc@cga.gov.bd